



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা
(স্থানীয় সরকার শাখা)



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

www.barguna.gov.bd

স্মারক নম্বর-৪৬.১০.০৪০০.১০৮.১১.০০৬.২১-৬২৯(১০০)

তারিখ : ০৫ কার্তিক ১৪২৮
২১ অক্টোবর ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

বরগুনা জেলার ইউনিয়ন পরিষদের নিম্নবর্ণিত শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে ইউনিয়ন পরিষদ সচিব পদে লোক নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তে বরগুনা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	বেতন স্কেল (২০১৫ জাতীয় বেতন স্কেল অনুযায়ী)	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
ইউনিয়ন পরিষদ সচিব	গ্রেড-১৪ ১০২০০-২৪৬৮০/-	৪ (চার)টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অনূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী।

শর্তাবলী :

- আগ্রহী প্রার্থীগণকে নির্ধারিত চাকুরির আবেদন ফরমে স্পষ্টাক্ষরে স্ব-হস্তে পূরণপূর্বক আবেদন করতে হবে। আবেদন ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের (www.mopa.gov.bd) ওয়েবসাইট অথবা জেলা প্রশাসক, বরগুনা-এর ওয়েবসাইট (www.barguna.gov.bd) এবং বরগুনা জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা হতে সংগ্রহ করা যাবে।
- আবেদনপত্র আগামী ২৮.১১.২০২১ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা প্রশাসক, বরগুনা বরাবর সরকারি ডাকযোগে পৌছাতে হবে। কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন প্রেরণ করা যাবে না। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত (প্রথম শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক) রঙিন ছবি আবেদনের নির্ধারিত স্থানে লাগাতে হবে। ছবিতে প্রার্থীর নাম লিখতে হবে।
- পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার, জেলা প্রশাসক, বরগুনা-এর অনুকূলে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- প্রার্থীর বয়স ২৮.১১.২০২১ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা কোটা সংক্রান্ত বিদ্যমান সরকারি নীতিমালা অনুযায়ী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট কোন ক্রমেই গ্রহণযোগ্য হবে না।
- খামের উপর পদের নাম ও কোটার নাম (যদি থাকে) উল্লেখ করতে হবে।
- প্রার্থী কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধি এবং সরকার নির্ধারিত কোটা/বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এ ক্ষেত্রে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কোন তথ্য গোপন করলে কিংবা তথ্যের স্বপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিলে ব্যর্থ হলে কিংবা কোন তদবিরের আশ্রয় নিলে তা প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যে কোন শর্ত সংযোজন/পরিবর্তন এবং পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।
- চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশনে এবং স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে তাকে নিয়োগ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে আগ্রহী তা স্পষ্টভাবে খামের উপর উল্লেখ করত: ১০/- (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেটযুক্ত ৯.৫"×৪.৫" সাইজের একটি খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার পূর্বে আবেদন ফরমে উল্লিখিত সকল তথ্যের সমর্থনে মূল সনদসমূহ জেলা প্রশাসক, বরগুনা বরাবর দাখিল করতে হবে।
- বেতন-ভাতা সরকার নির্ধারিত হারে বিদ্যমান বিধি ও নীতিমালা অনুযায়ী প্রদান করা হবে।

(হাবিবুর রহমান)

জেলা প্রশাসক

বরগুনা

ফোন : ০৪৪৮-৬২৫৬৬

ডিজি-২১১৯/২১ (১০"×৩)